



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ডাক অধিদপ্তর, ডাক ভবন
শেরে বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bdpost.gov.bd

"ডাক সেবার আধুনিকায়ন গ্রাম-শহরের সম্মিলন"

প্রেস রিলিজ

স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিসে উদ্যোক্তা নিয়োজনের আবেদনের সময়সীমা বৃদ্ধি

দেশব্যাপী ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিস এর জন্য ১০০০ জন (৫০০ জন নারী ও ৫০০ জন পুরুষ) উদ্যোক্তা নিযুক্ত/নিয়োজন করা হবে। জেলা প্রধান ডাকঘর, উপজেলা ডাকঘর এবং প্রযোজ্য ক্ষেত্রে উপ ডাকঘরের স্মার্ট সার্ভিস পয়েন্ট অফ পোস্ট অফিসে ১ (এক) জন পুরুষ ও ১ (এক) জন নারী উদ্যোক্তা অস্থায়ী ভিত্তিতে নিযুক্ত/নিয়োজনের লক্ষ্যে সংশ্লিষ্ট জেলা/উপজেলায় বসবাসরত নাগরিকগণের নিকট হতে অনলাইনে আবেদনের আহ্বান ইতোমধ্যে করা হয়েছে। ইতোমধ্যে প্রকাশিত উদ্যোক্তা নিযুক্তি বিজ্ঞপ্তিতে অনলাইনে আবেদনের সময়সীমা ২৫ এপ্রিল থেকে ২ মে ২০২৪ খ্রি. তারিখ নির্ধারিত ছিলো।

আবেদনের শেষ সময় আরও ৫ (পাঁচ) দিন বাড়িয়ে আগামী ৭ মে ২০২৪ তারিখ দিবাগত রাত ১১.৫৯ করা হয়েছে। ইতোমধ্যে প্রকাশিত সার্কুলারে উল্লেখিত নিয়ম অনুসরণ করে আগ্রহী প্রার্থীদের আবেদন করার আহ্বান জানানো হলো।

উদ্যোক্তা নিয়োজন/নিযুক্তি আবেদন সম্পর্কে বিস্তারিত জানতে ভিজিট করুন (bdpost.eksheba.gov.bd)। এছাড়া, জেলা বাতায়ন অথবা উপজেলা আইসিটি অফিস, জেলা প্রধান ডাকঘর ও উপজেলা ডাকঘর এ যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।


০৭/০৫/২০২৪

মো: আজহারুল হক
শাখা কর্মকর্তা (ডাক)
ডাক অধিদপ্তর, ঢাকা-১২০৭